গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর

দেবীগঞ্জ, পঞ্চগড়।

www.fisheries.debiganj.panchagarh.gov.bd

নং - ৩৩.০২.২৭৩৪.৫০১.৪৬.০০১.২৩.১১৯

তারিখ: ১৯ অগ্রহায়ন ১৪৩০ / ০৪ ডিসেম্বর ২০২৩

## লিফ মনোনয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (মৎস্য অধিদপ্তর অংশ)" শীর্ষক প্রকল্পের আওতায় দেবীগঞ্জ,পঞ্চগড় উপজেলার অন্তর্গত তেলিপাড়া এফসিডিআই সাব প্রজেক্ট এলাকায় কাযক্রম বাস্তবায়নের জন্য সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ে **"স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (Local Extention Agent for Fisheries)(LEAF) মনোনয়ন সংক্রান্ত নির্দেশনা"**এর আলোকে শর্ত স্বাপেক্ষে ০১ (এক) জন "স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী মনোনয়ন প্রদান করা হবে। ৪ বৎসর মেয়াদী মৎস্য ডিপ্লোমা পাস আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১০ ডিসেম্বর এর মধ্যে উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড় বরাবর লিখিতভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

০৪/১২/২৩

রতন কুমার বর্মন

উপজেলা মৎস্য কর্মকর্তা

দেবীগঞ্জ,পঞ্চগড়

নং - ৩৩.০২.২৭৩৪.৫০১.৪৬.০০১.২৩.১১৯

তারিখ: ১৯ অগ্রহায়ন ১৪৩০ / ০৪ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো।

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর।

২। জেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড়।

৩। প্রকল্প পরিচালক, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প (মৎস্য অধিদপ্তর অংশ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ, পঞ্চগড়।

৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।

৬। উপজেলা কৃষি কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।

৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।

৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।

৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।

১০। প্রতিনিধি, পানি উন্নয়ন বোর্ড, পঞ্চগড়।

১১। দপ্তর নথি।

০৪/১২/২৩

রতন কুমার বর্মন

উপজেলা মৎস্য কর্মকর্তা

দেবীগঞ্জ,পঞ্চগড়

**মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (মৎস্য অধিদপ্তর অংশ)" শীর্ষক প্রকল্পের আওতায় স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (Local Extension Agent for Fisheries) (LEAF) মনোনয়ন সংক্রান্ত নির্দেশনা:**

মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (মৎস্য অধিদপ্তর অংশ)'' শীর্ষক প্রকল্পের জন্য স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (LEAF) মনোনয়নের প্রক্রিয়া ও শর্তাবলী:

**ক) পদের নাম:** স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (Local Extension Agent for Fisheries) (LEAF)।

**খ) পদের সংখ্যা:** প্রকল্প এলাকাধীন সাব-প্রজেক্ট/পোল্ডার এলাকার জন্য ১ জন।

**গ) মনোনয়নের ধরণ:** সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য।

**ঘ) ভাতা (Remuneration):** প্রতি জন LEAF এর প্রতি মাসের সাকুল্য ভাতার পরিমাণ ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা। মাঠপর্যায়ে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য কোন প্রকার যাতায়াত ভাতা/টিএ/ডিএ প্রদান করা হবে না। সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ণ প্রদান সাপেক্ষে প্রতি মাসের ভাতা প্রদান করা হবে।

**ঙ) LEAF হিসেবে আবেদনের যোগ্যতা:**

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে ।
২. প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা হিসেবে ৪ বছর মেয়াদী মৎস্য ডিপ্লোমা পাস হতে হবে।
৩. সংশ্লিষ্ট সাব-প্রজেক্ট/পোল্ডার এলাকার স্থায়ী বাসিন্দা এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কোন প্রকল্পে সমজাতীয় কাজের অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৪. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।
৫. মৎস্যচাষ ও সংশ্লিষ্ট কাজে আগ্রহী হতে হবে।
৬. প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে। নেতৃত্বের গুণাবলী থাকতে হবে।
৭. প্রার্থীকে দায়িত্বশীল/বুদ্ধিমান/আত্মবিশ্বাসী/পরিশ্রমী হতে হবে।
৮. বাইসাইকেল চালানোয় পারদর্শী হতে হবে।
৯. কোনো সরকারি বা বেসরকারি সংস্থায় চাকরিরত কোন কর্মচারী/প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে।

**চ) LEAF এর দায়িত্ব ও কর্তব্য:**

১. মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট প্রকল্পের সম্প্রসারণ কর্মীর দায়িত্ব পালন করা।
২. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় এবং স্টেকহোল্ডারদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনে সহায়তা করা।
৩. দায়িত্বপ্রাপ্ত এলাকার মৎস্য সম্পদ জরিপ ও তথ্য সংগ্রহ করা।
৪. বিভিন্ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নে সুফলভোগী নির্বাচনসহ প্রশিক্ষণ/ সভা/ ওয়ার্কশপ/ মাঠ দিবস/ অভিজ্ঞতা বিনিময় সফর বাস্তবায়নে সহায়তা করা।
৫. বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়ন, অভয়াশ্রম স্থাপন, বিল নার্সারি স্থাপন, পোনা অবমুক্তি প্রভৃতি কার্যক্রম বাস্তবায়নে পুকুর/ জলাশয় ও সুফলভোগী নির্বাচন এবং কার্যক্রমভিত্তিক দল গঠনে সহায়তা প্রদান।
৬. বিকল্প কর্মসংস্থানে উপকরণ সহায়তা প্রদানের জন্য সুফলভোগী নির্বাচনে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করা।
৭. মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করা।
৮. প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নের সকল তথ্য রেকর্ড বইয়ে লিপিবদ্ধ করতে সুফলভোগীকে সহায়তা প্রদান।
৯. বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্ত নিয়মিত মাঠ পরিদর্শন, তথ্য সংগ্রহ, পানি ও মাটি পরীক্ষা করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

১০. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা এবং সংশ্লিষ্ট দপ্তরের নির্দেশক্রমে দায়িত্ব পালন করতে হবে।

১১. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

**ছ) আবেদন প্রক্রিয়া, আবেদনপত্রের সাথে চাহিত প্রমাণাদি ও প্রার্থী বাছাই পদ্ধতি:**

১. আবেদনকারীর পুরো নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, মোবাইল/ফোন নম্বর, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি তথ্যাদিসহ নির্দিষ্ট সময়ের মধ্যে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।

২. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রেরিত আবেদনগুলি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩. প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি এবং নিম্নলিখিত সনদের ফটোকপি (গেজেটেড অফিসার/ পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ক শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট।
খ. প্রার্থীর জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ।
গ. স্থানীয় পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঘ. অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

৪. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে লিখিত/ মৌখিক পরীক্ষায় উপস্থিত থাকতে হবে।

৫. লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে কিনা তা আবেদনকৃত যোগ্য প্রার্থীদের সংখ্যার ওপর ভিত্তি করে উপজেলা স্কিম ম্যানেজমেন্ট কমিটি (USMC) নির্ধারণ করবে। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হলে, ৭০ (সত্তর) নম্বরের এবং মৌখিক পরীক্ষা ৩০ (ত্রিশ) নম্বরের মোট ১০০ নম্বরের হবে। লিখিত পরীক্ষার প্রশ্নপত্র এমসিকিউ/ বর্ণনামূলক ধরণের হবে। লিখিত পরীক্ষায় বাংলায় ১৫ (পনের) নম্বর, ইংরেজিতে ১৫ (পনের) নম্বর, গনিতে ১৫ (পনের) নম্বর এবং মৎস্য বিজ্ঞান বিষয়ে ২৫ নম্বর মোট ৭০ (সত্তর) নম্বরের প্রশ্ন থাকবে।

৬. প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সমস্ত শিক্ষাগত যোগ্যতার সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন/নাগরিকত্ব সনদ/ অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর মূল কপি প্রদর্শন করতে হবে।

**জ) মনোনয়ন বাতিলকরণ ও LEAF-কে অব্যাহতি প্রদান:**

১. যদি LEAF-এর কার্যকলাপ/আচরণ সন্তোষজনক না হয়, তাহলে উপযুক্ত কারণ দর্শানো সাপেক্ষে উপজেলা স্কিম ম্যানেজমেন্ট কমিটি (USMC) LEAF-কে অব্যাহতি প্রদান করতে পারবেন।

২. মিথ্যা তথ্য সরবরাহ করলে বা তথ্য গোপন করলে বা মিথ্যা সনদপত্র জমা দিলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে এবং মনোনীত হলে, মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

৩. এই মনোনয়ন প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে।

**ঝ) অধিকার সংরক্ষণ:**

১. কর্তৃপক্ষ উপযুক্ত কারণে যে কোন সময় মনোনয়ন প্রক্রিয়া বাতিল/স্থগিত করতে পারবে।

২. উপরে বর্ণিত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩. প্রকল্প পরিচালক যে কোন সময় LEAF-দেরকে এক সাব-প্রজেক্ট/পোল্ডার এলাকা থেকে অন্য যে কোন সাব-প্রজেক্ট/পোল্ডার এলাকায় স্থানান্তর/ কর্ম পুনঃবন্টন করতে পারবেন।

০৪/১২/২৩

রতন কুমার বর্মন

উপজেলা মৎস্য কর্মকতা

দেবীগঞ্জ,পঞ্চগড়